

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রুকু'

بَابُ الرُّكُوْع

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَالَ: «سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ» قَامَ حَتَّى نَقُولَ: قَدْ أَوْهَمَ ثُمَّ يَسْجُدُ وَيَقْعُدُ بَيْنَ السَّجْدَتَيْنِ حَتَّى نَقُولَ: قَدْ أُوهم. رَوَاهُ مُسلم

বাংলা

৮৭০-[৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ''সামি'আল্লা-হু লিমান হামিদাহ'' বলতেন, সোজা হয়ে এত দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকতেন, আমরা মনে করতাম নিশ্চয়ই তিনি (সাজদার কথা) ভুলে গেছেন। এরপর তিনি সিজদা (সিজদা/সেজদা) করতেন ও দু' সাজদার মধ্যে এত লম্বা সময় বসে থাকতেন, আমরা মনে করতাম, তিনি নিশ্চয় দ্বিতীয় সাজদার কথা) ভুলে গেছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৭৩, আবূ দাউদ ৮৫৩, ইরওয়া ৩০৭। হাদীসে قَدُّ أَوْهَمَ এর অর্থ হলো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু' থেকে উঠে এত দীর্ঘ সময় দাঁড়াতেন যে, মনে হতো তিনি সে রাক্'আতটি বাতিল করে পুনরায় সালাত শুরু করবেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সাহাবীরা এভাবে মনে করতেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকূ' থেকে উঠার পর এত লম্বা সময় দাঁড়িয়ে থাকতেন। আমরা মনে করতাম তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাত ছেড়ে দিয়েছেন এবং নতুন আকারে তিনি সালাতে দাঁড়াবেন।

হাদীসটি প্রমাণ করেঃ সালাতে লম্বা দীর্ঘ সময় ধরে ধীরস্থিরতা ও বৈঠক দু' সাজাদার মাঝখানে।

হাদীসটি মুসলিম, আবূ দাউদ সংকলন করেছেন আর বুখারী মুসলিম বর্ণনা করেছে, সাবিত আনাস (রাঃ) হতে,



তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত (সালাত/নামায/নামাজ) দেখাতে কোন কম-বেশী করবো না যেভাবে রসূলুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে সালাত আদায় করেছেন। সাবিত বলেনঃ আনাস (রাঃ) যেভাবে সালাত আদায় করতো আমি তোমাদের সে রকম দেখছি না।

যখন তিনি রুকৃ' হতে মাথা উঠাতেন তখন সোজা হয়ে দাঁড়াতেন এমনকি কেউ বলতো নিশ্চয় তিনি ভুলে গেছেন এবং যখন মাথা উঠাতেন সিজদা (সিজদা/সেজদা) হতে এত দীর্ঘ সময় ধরে অবস্থান করতেন মনে হয় তিনি ভুলে গেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন